# গৌতম বুদ্ধ ও বৌদ্ধধর্ম :

## গৌতমবুদ্ধ-

গৌতমবুদ্ধ সম্বন্ধে আমাদের জ্ঞান খুবই সীমাবদ্ধ। কারণ সমসাময়িক ঐতিহাসিক গ্রন্থের অভাব। 'সুত্তনিপাত' ও জাতক গ্রন্থগুলি থেকে বুদ্ধের জীবনের কিছু তথ্য পাওয়া যায়। বুদ্ধের পূর্ব নাম সিদ্ধার্থ। গৌতম গোত্রজাত বলে তার অপর নাম গৌতম। নেপালের তরাই অঞ্চলে কপিলাবস্তু নগরের কাছে লুম্বিনী উদ্যানে বৈশাখী পূর্ণিমার দিন তাঁর জন্ম হয় (আনুমানিক 566 খ্রি. পূ.)।

### পিতা ও মাতাঃ

তাঁর পিতা শুদ্ধোধন ছিলেন শাক্য জাতির নায়ক ও মাতা মায়াদেবী। জন্মের প্রায় সঙ্গে সঙ্গে মাতা মায়াদেবীর মৃত্যু হলে বিমাতা গৌতমী তাঁকে লালন-পালন করেন। তাই অনেকে বলেন যে, বিমাতা গৌতমীর নামানুসারেই বুদ্ধের অপর নাম গৌতম।

### বিবাহঃ

ষোলো বছর বয়সে গোপা বা যশোধারা নামে এক রাজকুমারীর সঙ্গে তাঁর বিবাহ হয়।

বৌদ্ধকিংবদন্তি অনুসারে চারটি পরপর দৃশ্য গৌতমের অন্তরে গভীর বেদনার উদ্রেক করে এই | দৃশ্যগুলি হল প্রথম জরা, দ্বিতীয়টি ব্যাধি, তৃতীয়টি মৃত্যু ও চতুর্থটি এক গেরুয়া পরিহিত ভ্রাম্যমাণ সন্ন্যাসী। এইসব দৃশ্য দেখে গৌতম উন্নত | জীবনের সন্ধানের জন্য অস্থির হয়ে ওঠেন।

### গৃহত্যাগঃ

পুত্রের জন্মের পর সংসার বন্ধনে আরও জড়িয়ে পড়ার ভয়ে তিনি এক গভীর রাতে স্ত্রী, নবজাত শিশু ও রাজপ্রাসাদের ভোগবিলাস ত্যাগ করে সত্যজ্ঞানের সন্ধানে বেরিয়ে পড়েন। এই ঘটনা বৌদ্ধগ্রন্থে "মহাভিনিষ্ক্রমণ" নামে খ্যাত। প্রথমে গৌতম আলারা কামা নামে ঋষির শিষ্যত্ব গ্রহণ করে শাস্ত্র | অধ্যয়নে ব্রতী হন। কিন্তু জগতের রহস্য সম্বন্ধে তিনি কিছুই জানতে | পারলেন না। এরপর তিনি বুদ্ধগয়ার কাছে উরুবিল্ব. নামক স্থানে | ধ্যানমগ্ন হন। এখানেই তিনি 'বোধি' বা দিব্যজ্ঞান লাভ করেন। *এরপর তিনি বুদ্ধ (পরমজ্ঞানী) বা তথাগত (যিনি পরমসত্যের সন্ধান পেয়েছেন) নামে পরিচিত হন।*

**Download from www.gurucoolfanda.com**
For download books and pdf study materials go to **www.gurucoolfanda.com**
www.gurucoolfanda.com

# গৌতম বুদ্ধের জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাবলী

| | |
|---|---|
| বুদ্ধের জন্ম | 566 খ্রিস্টপূর্বাব্দ |
| পিতা | শুদ্ধোধন |
| মাতা | মহামায়া / মায়াদেবী |
| স্ত্রী | যশোধারা |
| পুত্র | রাহুল |
| খুড়তুতো ভাই | দেবদত্ত |
| ঘোড়া | কণ্টক |
| শিক্ষক | আলারা কালামা |
| জ্ঞানের বৃক্ষ | বোধিবৃক্ষ (পিপল) |
| নির্বাণ | কুশিনগর (486 খ্রিস্টপূর্বাব্দ) |

## উল্লেখযোগ্য প্রতীক

www.gurucoolfanda.com

Download from www.gurucoolfanda.com
For download books and pdf study materials go to www.gurucoolfanda.com

| | |
|---|---|
| 1. জন্ম | পদ্ম ও ষাঁড় |
| 2. গৃহত্যাগ | ঘোড়া |
| 3. নির্বাণ | বোধিবৃক্ষ |
| 4. ধর্মপ্রচার | ধর্মচক্র |
| 5. মহাপরিনির্বাণ | স্তূপ |

- গৌতম বুদ্ধ ও বৌদ্ধধর্ম সংক্রান্ত তথ্যাবলি
- বৌদ্ধধর্মের প্রবর্তক – গৌতম বুদ্ধ
- গৌতম বুদ্ধের জন্ম – খ্রিস্টপূর্ব 563, মতান্তরে খ্রিস্টপূর্ব 565
- গৌতম বুদ্ধের জন্মস্থান- নেপালে কপিলাবস্তুর লুম্বিনি উদ্যান
- গৌতম বুদ্ধের পিতার নাম শুদ্ধোধন (শাক্য বংশের রাজা)
- গৌতম বুদ্ধের মাতার নাম মায়াদেবী
- গৌতম বুদ্ধের পত্নীর নাম যশোধরা
- গৌতম বুদ্ধের পুত্রের নাম – রাহুল
- গৌতম বুদ্ধের মাসির নাম গৌতমী
- গৌতম বুদ্ধের জন্মকালীন নাম – সিদ্ধার্থ
- গৌতম বুদ্ধের ঘোড়ার নাম কণ্ঠক।
- গৌতম বুদ্ধের দীক্ষাগুরুর নাম- আলারা কামা মতান্তরে আরাদ কালামা
- গৌতম বুদ্ধের বোধিজ্ঞান লাভের স্থান- মগধের কাছে বুদ্ধগয়ার উরুবিল্ব নামক স্থান
- গৌতম বুদ্ধ দিব্যজ্ঞান লাভ করেছিলেন 35 বছর বয়সে
- যে গাছের নীচে বোধিজ্ঞান লাভ করেছিলেন অশ্বত্থ গাছ
- প্রথম ধর্মোপদেশ দিয়েছিলেন- বারাণসীর কাছে ঋষিপত্তনে বা সারনাথে
- গৌতম বুদ্ধের প্রথম পাঁচ শিষ্য হলেন- বপ্য, ভদ্রিয়, অশ্বজিৎ, মহানাম ও কৌণ্ডিণ্য
- মগধের যে রাজা প্রথম তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিলেন – বিম্বিসার
- তিনি যে ভাষায় ধর্মপ্রচার করতেন- প্রাকৃত বা অর্ধমাগধী প্রাকৃত ভাষা
- তাঁর দীক্ষিত প্রথম সন্ন্যাসিনী – গৌতমী
- বুদ্ধদেবের গোত্র গৌতম।

**Download from www.gurucoolfanda.com**
For download books and pdf study materials go to **www.gurucoolfanda.com**

- তাঁর মহাপরিনির্বাণ (দেহত্যাগ) ঘটেছিল 483 মতান্তরে 487 খ্রিঃপূঃ। যে স্থানে মহাপরিনির্বাণ ঘটেছিল –
- বৌদ্ধদের ধর্মগ্রন্থের নাম ত্রিপিটক (পালিভাষায় লিখিত)
- বৌদ্ধধর্মের প্রধান উপদেশগুলি হল- আর্যসত্য, অষ্টাঙ্গিক মার্গ
- গৌতম বুদ্ধের চিকিৎসা করেছিলেন – জীবক চিন্তামণি
- গৌতম বুদ্ধ শেষ উপদেশ দিয়েছিলেন সন্ন্যাসিনী এবং তাঁর প্রিয় শিষ্য আনন্দ-কে। সুভদ্রা নামে এক
- বুদ্ধের আশীর্বাদধন্য গণিকা মহিলা- আম্রপালি মতান্তরে অম্বাপালি
- উপসনা গৃহের নাম – চৈত্য।
- মহাসঙ্গিকা সঙেঘর প্রতিষ্ঠাতা মহাকাশ্য।
- গৌতম বুদ্ধের জন্মের প্রতীক – পদ্ম ও ষাঁড়
- গৌতম বুদ্ধের মহাভিনিষ্ক্রমণের প্রতীক- ঘোড়া
- গৌতম বুদ্ধের নির্বাণ লাভের প্রতীক- বোধিবৃক্ষ
- গৌতম বুদ্ধের মহাপরিনির্বাণ লাভের প্রতীক- স্তূপ

## বৌদ্ধধর্ম গ্রন্থ-

গৌতম বুদ্ধ তাঁর উপদেশগুলি প্রাকৃত বা অর্ধমাগধী প্রাকৃত ভাষায় প্রচার করেন। তাঁর মৃত্যুর পর তাঁর উপদেশগুলি সংকলন করে পালি ভাষায় ত্রিপিটক বা তিনটি পিটকে সংকলিত করা হয়। রাজগৃহে বুদ্ধের শিষ্যরা সমবেত হয়ে এই সংকলন করেছিলেন। তিনটি পিটক হল-

(1) সৎ জীবন বিনয় পিটক (2) সৎ জীবন সুত্ত পিটক এবং (3) অভিধর্ম পিটক।

## বৌদ্ধ সম্মেলন

| সম্মেলন | সভাপতি | স্থান | রাজা |
|---|---|---|---|
| প্রথম সম্মেলন | মহাকাশ্যপ | রাজগৃহ | অজাত শত্রু |

www.gurucoolfanda.com

Download from www.gurucoolfanda.com
For download books and pdf study materials go to www.gurucoolfanda.com

| | | | |
|---|---|---|---|
| দ্বিতীয় সম্মেলন | মহাস্থবিরযশ | বৈশালী | কালাশক |
| তৃতীয় সম্মেলন | মোগালীপুত্ত তিস | পাটলিপুত্র | অশোক |
| চতুর্থ সম্মেলন | বসুমিত্র | কাশ্মীর | কনিষ্ক |
| পঞ্চম সম্মেলন | জগারাভিভামসা, নরিন্দাভিদাজ ও সুমঙ্গলামি | মান্দালয় | মিন্দন |

www.gurucoolfanda.com

Download from www.gurucoolfanda.com
For download books and pdf study materials go to www.gurucoolfanda.com